

সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্যের কর্মসূচী কাল ছাত্র সমাবেশ ও প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদান

ইনকিলাব রিপোর্ট : বঙ্গবন্ধু ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবীতে সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্য আগামীকাল ছাত্র সমাবেশ ও প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদানের কর্মসূচী ঘোষণা করেছে। গতকাল সর্বদলীয়-ইসলামী ছাত্র-ঐক্যের প্রেসিডিয়াম সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। ইসলামী ছাত্র মজলিসের ৮-এর ৭৪ ১-এর কঃ দেখুন।

ইসলামী ছাত্র ঐক্যের কর্মসূচী এবং পৃষ্ঠার পঃ

কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ আবু সাঈদ নোমানের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রেসিডিয়াম সদস্য সভায় বক্তব্য রাখেন। তাগামীতে ইসলামিয়ার কেন্দ্রীয় সভাপতি আহমদ হাসান চৌধুরী শাহান, বেলাফত ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সভাপতি ফখরুল ইসলাম, ইসলামী ছাত্র সেনার কেন্দ্রীয় সভাপতি গোলাম আহমদ তুইয়া মানিক, জমিয়তে তালাবায়ের আরবিয়া কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ ওয়াশীউল্লাহ, ইসলামী ছাত্র সমাজের কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ ইসমাঈল বুবারী, ইসলামী ছাত্র শক্তির সাবেক কেন্দ্রীয় সভাপতি এস এম সাবাওয়্যাত হোসাইন, ইসলামী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ মোরশেদ খান, টুডেবক ফোরামের সভাপতি এস এম আনোয়ার হোসেন, জাকের পার্টি মন্ত্রাসা ১০০-এর সভাপতি মহিউদ্দিন আলগামী।

ইসলামী ছাত্র মজলিসের সেক্রেটারী জেনারেল মুহাম্মদ উমর ফারুক, তাগামীতে ইসলামিয়ার সাধারণ সম্পাদক এম এ কাদের আল হাসান, বেলাফত ছাত্র আন্দোলনের সাধারণ সম্পাদক সুদজান মহিউদ্দিন, ইসলামী ছাত্র আন্দোলনের সাধারণ সম্পাদক মুহাম্মদ রকিবুল আমীন, ছাত্র শক্তির সভাপতি মুহাম্মদ আবদুল সাদান ও বক্তব্য রাখেন।

সভায় নেতৃত্ব গ্রহণ করেন, এদেশের ইসলামিক্রিয় সর্বস্তরের ছাত্র জনতার গ্রাণের দাবী বঙ্গবন্ধু ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় ও কওমী মন্ত্রাসার সনদের স্বীকৃতি। সরকার এখনো পর্যন্ত এ বিষয় নিয়ে টালবাহানা করছে। আমাদের এ দাবী, বঙ্গবন্ধুর হানা নেতৃত্ব সরকারের প্রতি আহ্বান জানান। সভায় আগামী ২৭ জুলাই তারিখ পরিবর্তন করে আগামীকাল ২৬ জুলাই অত্র সমাবেশ ও প্রধানমন্ত্রীর বরাবর স্মারকলিপি প্রদানের কর্মসূচী ঘোষণা করা হয়।

সচেতন ছাত্রসমাজ বাংলাদেশ
সচেতন ছাত্রসমাজ বাংলাদেশের কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ নূর আহমদ হাসান ও সেক্রেটারী জেনারেল মুহাম্মদ আবদুল্লাহ এক যুক্ত বিবৃতিতে সতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় ও কওমী মন্ত্রাসা সনদের সরকারী স্বীকৃতি দাবীতে ২৬ জুলাই সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্যের আনুষ্ঠানিক ছাত্র সমাবেশ ও প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান অনুষ্ঠান সফল করার জন্য নেতা-কর্মীদের প্রতি উদ্বোধন আহ্বান জানিয়েছেন।

ইসলামী ছাত্র মজলিস
বাংলাদেশ ইসলামী ছাত্র মজলিস ঢাকা মহানগরী উত্তরের সভাপতি মুহাম্মদ আবদুল মুমিন ও সাধারণ সম্পাদক মুহাম্মদ নূরুল আলম শিবলী, এক যুক্ত বিবৃতিতে সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্যের আগামীকালের কর্মসূচীর প্রতি সংহতি প্রকাশ করে এসব কর্মসূচী সফল করে তোড়পার জন্য সকল নেতা-কর্মী ও সর্বস্তরের ছাত্র-জনতার প্রতি আহ্বান জানিয়েছেন।